

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৯৭
আগরতলা, ১৭ জানুয়ারি, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ২ জানুয়ারি, ২০২৪ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় ‘উপজাতি কল্যাণ দফতরের প্রকল্পে বাইরের লোকেদের দেদার নিয়োগ’ এবং PLANET EAST পত্রিকায় ‘TRESP recruitm't sham !’ শিরোনামে প্রকাশিত সংবাদ দুটি জনজাতি কল্যাণ দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জনজাতি কল্যাণ দপ্তর থেকে জানানো হয়েছে প্রকাশিত সংবাদ দুটি সঠিক নয়।

দপ্তর থেকে জানানো হয়েছে, বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় ত্রিপুরা সরকারের জনজাতি কল্যাণ দপ্তর জনজাতিদের আর্থসামাজিক উন্নয়নের জন্য ‘ত্রিপুরা রুরাল ইকোনমিক গ্রোথ অ্যান্ড সাস্টেনেবল সার্ভিস ডেলিভারি প্রজেক্ট’ (TRESP) নামে একটি বহুমুখী প্রকল্পের বাস্তবায়নের পরিকল্পনা ও রূপরেখা তৈরি করেছে। প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বিভিন্ন পদে ২৪৩ জন লোক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ব ব্যাঙ্কের পরামর্শ এবং এক্সিকিউটিভ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী স্পেশালিস্ট ও এক্সপার্টদের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতার কথা চিন্তা করে ৮টি পদ ভারতীয় নাগরিকদের জন্য উন্মুক্ত রাখা হয়েছে। অন্যান্য ২৩৫টি পদের জন্য ত্রিপুরার স্থায়ী বাসিন্দা হওয়া আবশ্যিক। এই বিষয়টিকে বিবেচনা করে মুম্বাইয়ের T&M Services Consulting Pvt. Ltd.-কে বিশ্ব ব্যাঙ্কের গাইডলাইন অনুযায়ী স্বচ্ছতা মেনে ‘ত্রিপুরা রুরাল ইকোনমিক গ্রোথ অ্যান্ড সাস্টেনেবল সার্ভিস ডেলিভারি প্রজেক্ট’ (TRESP) প্রকল্পের অধীনে লোক নিয়োগের জন্য নিয়োগ প্রক্রিয়া পরিচালন করার দায়িত্ব দেওয়া হয়েছে। সেই অনুসারে Society for TRESP এবং T&M Services Consulting Pvt. Ltd., Mumbai-এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

T&M Services Consulting Pvt. Ltd., Society for TRESP-এর অধীনে বিভিন্ন পদে ২৪৩ জন লোক নিয়োগের জন্য প্রক্রিয়া শুরু হয়েছে। সেই অনুসারে Society for TRESP-এর অধীনে বিজ্ঞাপনও দেওয়া হয়েছে। নিয়োগ প্রক্রিয়ার অংশ হিসেবে, T&M Services Consulting Pvt. Ltd. গত ৯ ডিসেম্বর, ২০২৩ এবং ১০ ডিসেম্বর, ২০২৩ তারিখ ক্যাটাগরি ১-এর অধীনে ৮ জন স্পেশালিস্ট ও এক্সপার্টের জন্য ইন্টারভিউ প্রক্রিয়া সম্পন্ন করে। ইন্টারভিউ প্রক্রিয়া শেষ হওয়ার পর T&M Services Consulting Pvt. Ltd. স্বচ্ছতা বজায় রেখে রেফারেন্স নম্বর সহ সুপারিশকৃত প্রার্থীদের তালিকা এবং অপেক্ষমান প্রার্থীদের তালিকা তাদের ওয়েবসাইটে প্রকাশ করেছে। T&M Services Consulting Pvt. Ltd.-এর তালিকা অনুযায়ী এই ৮টি পদের মধ্যে ৭টি পদের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া গেছে এবং ১টি পদের জন্য কোনও উপযুক্ত প্রার্থী পাওয়া যায়নি। এখানে উল্লেখ্য, এই ৭টি স্পেশালিস্ট প্রার্থীর মধ্যে ৫জন প্রার্থী ত্রিপুরার।

প্রকাশিত সংবাদ দুটিতে যে তথ্য পরিবেশিত হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন ও বিভ্রান্তিমূলক।
